যুগান্তর

15 JUL 2016

# মাদ্রাসা ও স্কুল-কলেজে জরুরি আধ্যাত্মিক শিক্ষা

■ মুহাম্মদ ফরিদ উদ্দিন খান

দেশ ও জাতি আজ আঁতকে ওঠার মতো সংবাদ শুনে ও দেখে হতবাক এবং দিশাহারা। শুধু আমাদের দেশ ও জাতি নয়, যেন কথিত উন্নত ও অনুন্নত বিশ্ব ও মানবজাতিই মানবিক বিপর্যয় ও বিপাকে পড়ে ইয়া নাফসি ইয়া নাফসি করছে। জড়বাদ, পুঁজিবাদ ও ভোগবাদ এখন কেবল বস্তুবাদী দর্শনের চর্চা ও প্রচার করে না, বরং ধর্মীয় উন্মাদনা, পারলৌকিক প্রতারণা এবং নানা রকমের জাগতিক মাদকাসক্তি ব্যাপকভাবে ছড়াচ্ছে ও নেটওয়ার্কিং করছে। এ সবের শিকার সাধারণ জনতা হলেও ব্যাপকভাবে ঝুঁকে পড়ছে সব সরল-সহজমনা আমাদের তরুণ সন্তানেরা। সাধারণ তামাক-বিড়ির নেশা থেকে শুরু করে মাদকসক্তি সাম্প্রতিককালে চরমভাবে বেড়ে গেছে। দুর্নীতি ও পাপাচারের মূল দুর্গ ব্যক্তিমালিকানার পুঁজিবাদ শুধু লাভের অঙ্ক চূড়ান্ত করার জন্য সমগ্র বিশ্ব ও মানবজাতির মাঝে বর্তমানে দজ্জালের রূপ ধারণ করে জান্নাতের সুখের নামে জাহান্নামের আজাব-গজব ছড়াচ্ছে। হয়তো এ ধরনের কঠিনতম মানবিক ও সামাজিক সংকটকে



আধ্যাত্মিক চোখে দেখেই কয়েকশ' বছর আগে বিপ্লবী আধ্যাত্মিক নেতা হজরত সুলতান বাহু রহমাতুল্লাহি আলাইহি বারবার সতর্ক করে বলে গেছেন দুনিয়ার ও জান্নাতের (পরকালীন) নেশা হচ্ছে শয়তানের হাতিয়ার। যত দিন দুনিয়াবী ভোগ-বিলাসের এবং এমনকি জান্নাতুল ফেরদাউসের ভোগ-বিলাসের লোভ-লালসা মানুষের অন্তরে ছড়িয়ে থাকবে ততদিন ইবলিস শয়তান মানুষকে আঁকড়ে থেকে তাকে ধ্বংসের পথে নিয়ে ছেড়ে দেবে। তাই তিনি এবং অন্যান্য হক আউলিয়া কেরাম, আম্বিয়া কেরামের পথ অনুসরণ করে কেবল আল্লাহতায়ালার মারেফাতি ও তাঁর দিদার লাভকেই একমাত্র উদ্দেশ্য বলে প্রচার করেছেন। আল্লাহর মারেফাত ও তাঁর দিদার-দর্শন লাভ হলে জান্নাতুল ফেরদাউসও অতি স্বাভাবিকভাবে তার সেবায় নিয়োজিত হবে। সুতরাং একমাত্র লক্ষ্য হতে হবে আল্লাহর ইবাদত তথা তাঁর মারেফাত ও দিদার এবং প্রেম অর্জন।

আর এ মোক্ষ লাভের তরিকা হচ্ছে ঐশী ওহি তথা সামগ্রিক আসমানি গ্রন্থ আল কোরআনের নুরানি ও রুহানি শিক্ষা। কালো হরফে কোরআন হেফজ ও হাদিস চর্চাই যথেষ্ট নয়। বরং ইসমে জাতের এবং ইসমে আজমের গভীর পরিচয় লাভ প্রতি দমে দমে ইসমে আজমের জিকির এবং সারাক্ষণ ইসমে মুহাম্মদ ও আসমাউল হুসনার ধ্যান-ধারণা প্রতিটি মানুষ, বিশেষ করে আমাদের তরুণ সন্তানদের আল্লাহওয়ালা এবং রাসূল প্রেমিক বানাতে পারে। আর তখনই ঐশী প্রেমে অন্তর উদ্ভাসিত হয়ে সারা দেহ-মনে ছড়িয়ে পড়বে মানবপ্রেম ও বিশ্ব প্রেম।

আমাদের তরুণ বিশ্বের তরুণ সমাজ সনাতন পবিত্র পরিবার ব্যবস্থা এবং সমাজকে তছনছ করার জন্য দুর্নীতি ও পাপাচারের খনি পুঁজিবাদ এবং এর ভয়ংকর শয়তানি শক্তিবর্গ ও কার্টেল আধুনিক জাহেলিয়্যাতের দজ্জালি পথে পদে পদে ফাঁদ পাতছে এবং নেশা মাদকতা ছড়াচ্ছে।

আজ ভয়ংকর এ সংকট দেখে দেশের বড় বড় শিক্ষাবিদরাও বলছেন, আমাদের শিক্ষা ব্যবস্থায় ঘাটতি রয়েছে। প্রকৃত পক্ষে শুধু আধুনিক শিক্ষা নয় বরং ধর্মীয় ও বাহ্যিক আধ্যাত্মিক শিক্ষাও হয়ে পড়েছে নিছক পেশাদারি শিক্ষা। এসব পেশাদারি শিক্ষায় মানুষ বড় বড় কৌসুলি হতে পারে, কিন্তু মানুষ হতে পারে না। মানুষকে প্রকৃত মানুষ হতে হলে তার আমলি সত্তা রুহের জাগরণ ও শক্তি বৃদ্ধি করা জরুরি। এজন্য হেরার জ্যোতি, ওহির দ্যুতি অত্যাবশ্যক যা আম্বিয়া কেরাম ও আউলিয়া কেরামের রুহানি শিক্ষা ও তালিকায় নিহিত রয়েছে। মানুষ মূলতই প্রেমাস্পদ সত্তা। নবী প্রেম ও খোদা প্রেমিই তাকে সর্ব বরণীয় প্রেমাস্পদে পরিণত করতে পারে।

দেশের বড় বড় শিক্ষাবিদরাও বলছেন, আমাদের শিক্ষা ব্যবস্থায় ঘাটতি রয়েছে। প্রকৃত পক্ষে শুধু আধুনিক শিক্ষা নয় বরং ধর্মীয় ও বাহ্যিক আধ্যাত্মিক শিক্ষাও হয়ে পড়েছে নিছক পেশাদারি শিক্ষা। এসব পেশাদারি শিক্ষায় মানুষ বড় বড় কৌসুলি হতে পারে, কিন্তু মানুষ হতে পারে না। মানুষকে প্রকৃত মানুষ হতে হলে তার আমলি সত্তা রুহের জাগরণ ও শক্তি বৃদ্ধি করা জরুরি।

আজ বিশ্বব্যাপী যে আকাশ সংস্কৃতি চ্যানেলগুলোর মাধ্যমে ছড়ানো হচ্ছে তাতে মানুষ অমানুষ হচ্ছে, পরিবার ভেঙে যাচ্ছে, খেলাধুলা মুনাফা লাভের হাতিয়ার হচ্ছে, দুর্নীতি পাপাচার, অন্যায়-অবিচার ও সন্ত্রাস বেড়ে চলেছে। আর আমাদের তরুণরা এর শিকার হচ্ছে। ফেসবুক, টুইটার ইত্যাদির ভূমিকাও এ ক্ষেত্রে কম নয়, বরং বেশি। তরুণ মন ও সাধারণ মানুষের মনকে কোরআনের ঐশী ও রুহানি শক্তির শক্তিধর করে তুলতে না পারলে সবই হবে বেহুদা আস্ফালন এবং মিথ্যা দাবি-দাওয়া।

আল্লাহ প্রেমের দরদী শিক্ষা এবং দয়াল নবীর প্রেমপূর্ণ ও নিষ্ঠাময় দীক্ষাই আমাদের সিরাতুল মুস্তাকিমের পথ দেখাতে পারে। মাওলা মাবুদের এ পথে চলে যারা নেয়ামত লাভ করেছেন কেবল তারাই এবং তাদের পথই পারে অভিযান ও উদ্যাম প্রিয় বিপুল শক্তির আধার তরুণদের মনে আলোর পরশ বুলাতে। মাওলাগো তুমি আমাদের সহায় হও।

**লেখক :** *অধ্যাপক ও পরিচালক, ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস*

mfaridkhan1950@gmail.com